কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১৩৮

তারিখ : ৩০ বৈশাখ ১৪৩৩ / ১৩ মে ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে শীতকালীন পেঁয়াজ বীজ উৎপাদনে জন্য বিনামূল্যে পেঁয়াজ বীজ (কন্দ), সার ও অন্যান্য উপকরণ সহায়তা উৎপাদনের লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং - ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.১০৩২, তারিখ: ০২-০৪-২০২৬ খ্রি.
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৬.২৫.১৩৭, তারিখ: ১২-০৫-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে শীতকালীন পেঁয়াজ বীজ উৎপাদনে জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে পেঁয়াজ বীজ (কন্দ), সার ও অন্যান্য উপকরণ সহায়তা বাবদ ৯৪৬.৬০ লক্ষ (নয় কোটি ছেচল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা; ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণী; ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন এবং ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ:

| ক্রমিক নং | উপকরণ/খাত | | ২০ শতক জমির জন্য উপকরণ সহায়তা (কেজি) | একক মূল্য টাকা) | ২০ শতক জমির ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | বীজ (কন্দ) | | ১৬০.০০ | ৬০.০০ | ৯৬০০.০০ |
| ২ | সার | ডিএপি | ২০.০০ | ১৯.০০ | ৩৮০.০০ |
| | | এমওপি | ২০.০০ | ০০.০০ | ০০.০০ |
| ৩ | | বালাইনাশক | থোক (১ কেজি) | ৩৫০ | ৩৫০ |
| | | **উপমোট=** | **২০১.০০ (কেজি)** | | |
| ৪ | পরিবহন ব্যয় | | | ১.৫০ কেজি প্রতি | ৩০১.৫ |
| ৫ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | | | ১.০০ কেজি প্রতি | ২০১.০০ |
| ৬ | সংরক্ষণ পাত্র | | | | ১০০০.০০ |
| | | | | মোট= | **১১৮৩২.৫০ টাকা** |

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

| ক্রঃ | জেলার নাম | উপকারভোগী কৃষক সংখ্যা (জন) | উপকরণের পরিমাণ (মেঃ টন) | | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বীজ | ডিএপি | এমওপি | মোট সার | বালাই নাশক | '৩২৫১১০৯-বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' এমওপি | ডিএপি | মোট সার | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' বালাইনাশক বাবদ ব্যয় | সংরক্ষণ পাত্র বাবদ ব্যয় | পরিবহণ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | মানিকগঞ্জ | ৩০০ | ৪৮.০০ | ৬.০০ | ৬.০০ | ১২.০০ | ০.৩০ | ২৮.৮০ | ০.০০ | ১.১৪০ | ১.১৪০ | ১.০৫০ | ৩.০০ | ০.৯০৫ | ০.৬০৩ | ৫.৫৫৮ | ৩৫.৪৯৮ |
| ২ | রাজশাহী | ১০০০ | ১৬০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ১.০০ | ৯৬.০০ | ০.০০ | ৩.৮০ | ৩.৮০ | ৩.৫০০ | ১০.০০ | ৩.০১৫ | ২.০১০ | ১৮.৫২৫ | ১১৮.৩২৫ |
| ৩ | নাটোর | ৪০০ | ৬৪.০০ | ৮.০০ | ৮.০০ | ১৬.০০ | ০.৪০ | ৩৮.৪০ | ০.০০ | ১.৫২০ | ১.৫২০ | ১.৪০০ | ৪.০০ | ১.২০৬ | ০.৮০৪ | ৭.৪১০ | ৪৭.৩৩০ |
| ৪ | চাঁপাইনবাবগঞ্জ | ২০০ | ৩২.০০ | ৪.০০ | ৪.০০ | ৮.০০ | ০.২০ | ১৯.২০০ | ০.০০ | ০.৭৬০ | ০.৭৬০ | ০.৭০০ | ২.০০ | ০.৬০৩ | ০.৪০২ | ৩.৭০৫ | ২৩.৬৬৫ |
| ৫ | বগুড়া | ৫০০ | ৮০.০০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ০.৫০ | ৪৮.০০ | ০.০০ | ১.৯০০ | ১.৯০০ | ১.৭৫০ | ৫.০০ | ১.৫০৮ | ১.০০৫ | ৯.২৬৩ | ৫৯.১৬৩ |
| ৬ | পাবনা | ৬০০ | ৯৬.০০ | ১২.০০ | ১২.০০ | ২৪.০০ | ০.৬০ | ৫৭.৬০ | ০.০০ | ২.২৮ | ২.২৮ | ২.১০০ | ৬.০০ | ১.৮০৯ | ১.২০৬ | ১১.১১৫ | ৭০.৯৯৫ |
| ৭ | দিনাজপুর | ৬০০ | ৯৬.০০ | ১২.০০ | ১২.০০ | ২৪.০০ | ০.৬০ | ৫৭.৬০ | ০.০০ | ২.২৮ | ২.২৮ | ২.১০০ | ৬.০০ | ১.৮০৯ | ১.২০৬ | ১১.১১৫ | ৭০.৯৯৫ |
| ৮ | ঠাকুরগাঁও | ৯০০ | ১৪৪.০০ | ১৮.০০ | ১৮.০০ | ৩৬.০০ | ০.৯০ | ৮৬.৪০ | ০.০০ | ৩.৪২০ | ৩.৪২০ | ৩.১৫০ | ৯.০০ | ২.৭১৪ | ১.৮০৯ | ১৬.৬৭৩ | ১০৬.৪৯৩ |
| ৯ | পঞ্চগড় | ৩০০ | ৪৮.০০ | ৬.০০ | ৬.০০ | ১২.০০ | ০.৩০ | ২৮.৮০ | ০.০০ | ১.১৪০ | ১.১৪০ | ১.০৫০ | ৩.০০ | ০.৯০৫ | ০.৬০৩ | ৫.৫৫৮ | ৩৫.৪৯৮ |
| ১০ | যশোর | ২০০ | ৩২.০০ | ৪.০০ | ৪.০০ | ৮.০০ | ০.২০ | ১৯.২০ | ০.০০ | ০.৭৬০ | ০.৭৬০ | ০.৭০০ | ২.০০ | ০.৬০৩ | ০.৪০২ | ৩.৭০৫ | ২৩.৬৬৫ |

| ক্রঃ | জেলার নাম | উপকারভোগী কৃষক সংখ্যা (জন) | উপকরণের পরিমাণ (মেঃ টন) | | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | | |
| | | | বীজ | ডিএপি | এমওপি | মোট সার | বালাইনাশক | '৩২৫১১০৯-বীজ ও চারা' | এমওপি | ডিএপি | মোট সার | বালাইনাশক বাবদ ব্যয় | সংরক্ষণ পাত্র বাবদ ব্যয় | পরিবহণ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১১ | ঝিনাইদহ | ২০০ | ৩২.০০ | ৪.০০ | ৪.০০ | ৮.০০ | ০.২০ | ১৯.২০ | ০.০০ | ০.৭৬০ | ০.৭৬০ | ০.৭০০ | ২.০০ | ০.৬০৩ | ০.৪০২ | ৩.৭০৫ | ২৩.৬৬৫ |
| ১২ | মাগুড়া | ২০০ | ৩২.০০ | ৪.০০ | ৪.০০ | ৮.০০ | ০.২০ | ১৯.২০ | ০.০০ | ০.৭৬০ | ০.৭৬০ | ০.৭০০ | ২.০০ | ০.৬০৩ | ০.৪০২ | ৩.৭০৫ | ২৩.৬৬৫ |
| ১৩ | কুষ্টিয়া | ২০০ | ৩২.০০ | ৪.০০ | ৪.০০ | ৮.০০ | ০.২০ | ১৯.২০ | ০.০০ | ০.৭৬০ | ০.৭৬০ | ০.৭০০ | ২.০০ | ০.৬০৩ | ০.৪০২ | ৩.৭০৫ | ২৩.৬৬৫ |
| ১৪ | চুয়াডাঙ্গা | ২০০ | ৩২.০০ | ৪.০০ | ৪.০০ | ৮.০০ | ০.২০ | ১৯.২০ | ০.০০ | ০.৭৬০ | ০.৭৬০ | ০.৭০০ | ২.০০ | ০.৬০৩ | ০.৪০২ | ৩.৭০৫ | ২৩.৬৬৫ |
| ১৫ | মেহেরপুর | ২০০ | ৩২.০০ | ৪.০০ | ৪.০০ | ৮.০০ | ০.২০ | ১৯.২০০ | ০.০০ | ০.৭৬০ | ০.৭৬০ | ০.৭০০ | ২.০০ | ০.৬০৩ | ০.৪০২ | ৩.৭০৫ | ২৩.৬৬৫ |
| ১৬ | ফরিদপুর | ১০০০ | ১৬০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ১.০০ | ৯৬.০০ | ০.০০ | ৩.৮০ | ৩.৮০ | ৩.৫০০ | ১০.০০ | ৩.০১৫ | ২.০১০ | ১৮.৫২৫ | ১১৮.৩২৫ |
| ১৭ | মাদারিপুর | ৩০০ | ৪৮.০০ | ৬.০০ | ৬.০০ | ১২.০০ | ০.৩০ | ২৮.৮০ | ০.০০ | ১.১৪০ | ১.১৪০ | ১.০৫০ | ৩.০০ | ০.৯০৫ | ০.৬০৩ | ৫.৫৫৮ | ৩৫.৪৯৮ |
| ১৮ | গোপালগঞ্জ | ২০০ | ৩২.০০ | ৪.০০ | ৪.০০ | ৮.০০ | ০.২০ | ১৯.২০০ | ০.০০ | ০.৭৬০ | ০.৭৬০ | ০.৭০০ | ২.০০ | ০.৬০৩ | ০.৪০২ | ৩.৭০৫ | ২৩.৬৬৫ |
| ১৯ | রাজবাড়ী | ৩০০ | ৪৮.০০ | ৬.০০ | ৬.০০ | ১২.০০ | ০.৩০ | ২৮.৮০ | ০.০০ | ১.১৪০ | ১.১৪০ | ১.০৫০ | ৩.০০ | ০.৯০৫ | ০.৬০৩ | ৫.৫৫৭ | ৩৫.৪৯৭ |
| ২০ | শরিয়তপুর | ২০০ | ৩২.০০ | ৪.০০ | ৪.০০ | ৮.০০ | ০.২০ | ১৯.২০ | ০.০০ | ০.৭৬০ | ০.৭৬০ | ০.৭০০ | ২.০০ | ০.৬০৩ | ০.৪০২ | ৩.৭০৩ | ২৩.৬৬৩ |
| | **মোট** | **৮০০০** | ১২৮০.০০ | ১৬০.০০ | ১৬০.০০ | ৩২০.০০ | ৮.০০ | **৭৬৮.০০** | ০.০০ | ৩০.৪০ | **৩০.৪০** | ২৮.০০০ | ৮০.০০ | ২৪.১২ | ১৬.০৮০ | **১৪৮.২০** | **৯৪৬.৬০** |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে **PPA' ২০০৬ ও PPR' ২০২৫** অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের শীতকালীন পেঁয়াজ ফসল আবাদের জমি এবং চলতি রবি মৌসুমে শীতকালীন পেঁয়াজ বীজ উৎপাদন সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে শীতকালীন পেঁয়াজ বীজ উৎপাদনের উপযুক্ততা অনুযায়ী ইউনিয়নভিত্তিক বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক (প্রয়োজনে মাঝারি কৃষক) নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে সরকারি আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৩. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd /moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৫. অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে শীতকালীন পেঁয়াজ বীজ উৎপাদনে ২০ শতক জমির জন্য প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে;

৬. ২০২৫-২৬ মৌসুমে শীতকালীন পেঁয়াজ বীজ উৎপাদনে সহযোগিতার জন্য শীতকালীন পেঁয়াজ বীজ উৎপাদনে আগ্রহী এবং আবাদি জমি আছে এমন মাঝারি, প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকগণই প্রণোদনা সহায়তা পাবেন। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক শীতকালীন পেঁয়াজ বীজ উৎপাদনের জন্য ১৬০ কেজি বীজ (কন্দ), ২০ কেজি করে ডিএপি সার, ২০ কেজি করে এমওপি সার ও বীজ সংরক্ষণের জন্য একটি পাত্র সহায়তা পাবেন;

৭. এ কর্মসূচির আওতায় উপকরণ সহায়তা হিসেবে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ৫ (পাঁচ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ কেজি ওজনের ২ (দুই) বস্তা ডিএপি ও ৫০ কেজি ওজনের ২ (দুই) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে;

৮. স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল জাতের শীতকালীন পেঁয়াজ কন্দ বিএডিসি/স্থানীয় কৃষক বীজ উদ্যোক্তা/যেকোন প্রতিষ্ঠিত বীজ ব্যবসায়ী হতে জেলা/ উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত মূল্যে সংগ্রহ করতে হবে;

৯. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য শীতকালীন পেঁয়াজ বীজের (কন্দ) অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১০. কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে এমওপি **সার অনুদানপ্রাপ্ত বিধায় এর মূল্য অন্তর্ভুক্ত হবে না;**

১১. জেলা হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১২. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনা জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ২০ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৩. এ কর্মসূচির আওতায় ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইলযোগে** admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১৪. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ২০ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। **অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে। কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;**

১৫. **সার, বীজ ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে; এবং**

১৬. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/ পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে এবং**

১৭. **প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম :

উপজেলার নাম :

ইউনিয়ন/ পৌরসভার নাম :

গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং :

| কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ, সার ও কীটনাশক সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ-<br>কীটনাশকের নাম-<br>কীটনাশকের পরিমাণ- | |

১৩/০৪/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

জেলা প্রশাসক ও সভাপতি,
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২০ জেলা)।

D:\প্রণোদনা ও পুনর্বাসন\pronodona-punorbason 2025-26\শীতকালীন পেঁয়াজ বীজ (কন্দ)\go winter onion pronodona.docx

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১৩৮

তারিখ : ৩০ বৈশাখ ১৪৩৩
১৩ মে ২০২৬

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (বীজ/সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৮. মাননীয় কৃষি মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২০ জেলা)।
১৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)** ।
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
১৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩/০৫/২৬
মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব